তারিখ 03 MAR 2016
পৃ. ৩২ কলাম ১

আমাদের সময়

১২৫ আইসিটি সেন্টার উদ্বোধন

# ভবিষ্যতে সব শিক্ষা প্রযুক্তিনির্ভর হবে : প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●

দেশের ১২৫টি উপজেলায় 'আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন' উদ্বোধন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বিশ্ব এগিয়ে যাচ্ছে। নতুন-নতুন প্রযুক্তি আসছে। বাংলাদেশ কোনোমতেই পিছিয়ে থাকতে পারে না। তিনি আরও বলেন, সমাজকে দুর্নীতিমুক্ত করা, উন্নয়ন প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করা, আরও ব্যাপকভাবে নিরীক্ষা কার্যক্রম চালানো এবং উন্নয়নের গতিকে ত্বরান্বিত করা– এই কাজগুলো খুব সহজ হয় শুধু প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে। গত সাত বছরে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২৩ হাজার মাল্টিমিডিয়া এরপর পৃষ্ঠা ৫, কলাম ৫

## ভবিষ্যতে সব শিক্ষা প্রযুক্তিনির্ভর

(শেষ পৃষ্ঠার পর) ক্লাসরুম ও ৩০ হাজার ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে জানিয়ে তিনি বলেন, ভবিষ্যতে দেশের সব শিক্ষা কার্যক্রম প্রযুক্তিনির্ভর হবে।

গতকাল বুধবার নিজের কার্যালয় থেকে ভিডিও কনফারেন্সের আইসিটি ট্রেনিং সেন্টারগুলো উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিক্ষা তথ্য ব্যুরো ও পরিসংখ্যানের (বেনবেইস) উদ্যোগে এবং দক্ষিণ কোরিয়ার সহযোগিতায় প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের প্রথম ধাপে ৪০৩ কোটি টাকা ব্যয়ে বাছাই করা ১২৫টি উপজেলায় গতকাল আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র ও তথ্যভাণ্ডার উদ্বোধন করা হয়। প্রধানমন্ত্রী জানান, আরও ১৬০টি উপজেলায় এ ধরনের প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ শুরু হয়েছে এবং পর্যায়ক্রমে সব উপজেলায় এ কেন্দ্র করা হবে। দেশের প্রায় সোয়া পাঁচ হাজার ইউনিয়নে ডিজিটাল সেন্টার গড়ে তোলার কথা উল্লেখ করে তিনি বলেন, ডিজিটাল সেন্টার থেকে মানুষ ২০০ ধরনের সেবা গ্রহণ করছে। যখন ডিজিটাল বাংলাদেশ গড়ার ঘোষণা দেওয়া হয়েছিল তখন অনেকেই তা নিয়ে 'ঠাট্টা-তামাশা' করেছিল। কিন্তু আজকে প্রমাণ হয়েছে, বাংলাদেশ সত্যিই ডিজিটাল। এক্ষেত্রে নিজের ছেলে ও তথ্য-প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়কে কৃতিত্ব দিয়ে শেখ হাসিনা বলেন, আমার ছেলে সজীব ওয়াজেদ জয়, সে কিন্তু সবসময় পরামর্শ দিয়েছে এবং এখন পর্যন্ত প্রতিটি পদক্ষেপে তার কাছ থেকেই আমরা পরামর্শ নিই।